

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ ফেব্রুয়ারি ২০২২

চসিক ভ্রাম্যমান আদালত

## বাংলায় সাইনবোর্ড না লিখার দায়ে ২০ হাজার টাকা জরিমান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে লালখান বাজার থেকে ওয়াসা পর্যন্ত সিডিএ এভিনিউ এর বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ড নির্দেশনা মোতাবেক বাংলায় না লেখায় ১২ ব্যবসা প্রতিষ্ঠানের মালিককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

একই দিনে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে অপর অভিযানে আত্রাবাদস্থ জাম্বুরী মাঠ সংলগ্ন কর্মসংস্থান ও জনশক্তি অফিস সামনে থেকে লাকী প্লাজার মোড় পর্যন্ত রাস্তা, ফুটপাথ ও নালায় উপর থেকে প্রায় ২০টি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করে।

### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩